International Parkinson and Movement Disorder Society

পারকিনসন্স রোগে ডিপ ব্রেইন স্টিমুলেশনঃ রোগীদের জন ̈অত ̇বশ ̈কীয় তথ ̇বলি

চূঙষ্ঠ ঈর্ঐঠছেও ঈঠওডকইগন্স ৫ওঠগেও (ডঈ ডড) অঙ্গগঞ্চঠঔক উঈগর্গ গএূঘ ডক ডক?

প্রথম অবস্থায় পারকিনসন'স রোগীরা যখন তাদের ঔষধ শুরু করে, তখন সাধারণত ঔষধের কার্যক্ষমতা সারাদিন ধরে বিদ্যমান থাকে। যখনই রোগের তীব্রতা বাড়তে থাকে, তখনই রোগীরা অনুভব করে যে ঔষধের কর্মক্ষমতা পরবর্তী ডোজের পূর্বেই শেষ হয়ে যায়, একেই বলে "ঔষধের অপসৃয়মাণতা" (Wearing off) যখনই ঔষধের ক্ষয়িষ্ণুতা দেখা দেয় তখনই পি ডি এর লক্ষণসমূহ যেমন হাত পা কাঁপা, ধীরগতি এবং চলাফেরায় অসুবিধা পুনরায় দেখা দিতে পারে। পূনরায় ঔষধ সেবন শুরু করলে আবারো লক্ষণসমূহের উন্নতি হয় এবং এই সুসময়কে "অন" (ON) পিরিয়ড এবং রোগের খারাপ অবস্থা কে "অফ" (OFF) পিরিয়ড বলা হয়। এই সব রোগীদের কিছু অনৈচ্ছিক নড়াচড়া (মোচড়ানো, ঘোরা) দেখা দেয় যাকে ডিসকাইনেশিয়া বলা হয়, যা বেশ পীড়াদায়ক।

চতঙষ্ঠ ঈর্ঐঠছে ৫ওঠগেও গঘঠছক ডক?

অফ পিরিয়ড এবং ডিসকাইনেশিয়া কমানোর জন্য চিকিৎসক ঔষধের সঠিক মাত্রা ও সেবনের সঠিক সময় নির্ধারণ করে দিতে পারেন। যে সকল রোগীর অফ পিরিয়ড এবং ডিসকাইনেশিয়া ঔষধ পরিবর্তনের পরেও নিয়ন্ত্রণে আসে না, তাদের ক্ষেত্রে ডিপ ব্রেইন স্টিমুলেশন (ডি বি এস) ব্যবহৃত হয়। ডি বি এস এক ধরনের শৈল্য চিকিৎসা যেখানে ইলেকট্রোড নামক একটি সরু এবং আবরণ যুক্ত তার মস্তিষ্কের গভীরে স্থাপন করা হয়। ইলেকট্রোডটিকে পরে বক্ষস্থলের চামড়ার নিচে রক্ষিত পেস মেকার সদৃশ একটি যন্ত্রের সাথে সংযুক্ত করা হয়। যন্ত্রটি মস্তিষ্কের গতিময়তা নিয়ন্ত্রণকারী অংশে বৈদ্যুতিক বার্তা পাঠায়। মস্তিষ্কের এই বৈদ্যুতিক উদ্দীপনা অফ পিরিয়ড এবং ডিসকাইনেশিয়া কমাতে সহায়তা করে।

কঠওঠ ডড ডউ এগ গঠর্জঠওঢও উঈঐণক্ত?

যে সকল পি ডি রোগীর ঔষধের সঠিক মাত্রা ও সেবনের সঠিক সময় নির্ধারণ করার পর ঔষধের সুফলের সাথে খারাপ অফ পিরিয়ড এবং অসুবিধাজনক ডিসকাইনেসিয়া থেকে যায়, তাদের ক্ষেত্রে ডি বি এস বিকল্প হতে পারে। এই ধরনের সুযোগ ̈প্রার্থীদের উত্তম সামাজিক সহায়তারও প্রয়োজন।

এক্ষেত্রে অযোগ ̈প্রার্থী তারাই যাদের রয়েছেঃ গুরুতর স্মৃতিভ্রম জনিত সমস ̇, মতিভ্রংশতা, চরম মাত্রার অবসাদগ্রস্ততা এবং পি ডি রোগের অন পিরিয়ডেই হাঁটা চলায় যথেষ্ট ভারসাম ̈হীনতা।

ডড ডউ এগেও জই ̈ডকঋঠউে ৫ওঠগঢ উঠছঠই কওঠ ঘছ?

ডি বি এস সংক্রান্ত পরামর্শের জন ̈বিশেষায়িত নিউরো সার্জারি কেন্দ্রে যেতে হবে। অধিকাংশ ডি বি এস কেন্দ্রে যে সকল অবস্থা মূল ̇য়ন করা হয় তা হলোঃ

- পি ডি বিশেষজ্ঞ নিউরোলজিষ্ট দ্বারা মূল ̇য়ন
- সি টি স্ক্যান বা এম আর আই দ্বারা মস্তিষ্কের ঐ সকল পরিবর্তন সনাক্ত করা যা সার্জারির জন ̈প্রতিবন্ধক হতে পারে।
- যে সার্জন ডি বি এস করবেন তার সাথে পরামর্শ করা
- স্মৃতি ও চিন্তাশীলতাসহ যাবতীয় মূল ̇য়ন

এডট ডইওঠঈদ?

সাধারণতঃ ডি বি এস একটি নিরাপদ পদ্ধতি। তবে সার্জারির সময় রক্তপাত বা স্ট্রোকের মত বড় ধরনের পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে। উদ্দীপনা থেকেও বড় ধরনের পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে (যা উদ্দীপকের বিন ̇স বদলের মাধ ̈মে সীমিত করা সম্ভব)। অধিকাংশ পার্শ্ব প্রতিক্রিয়াই মৃদু এবং সাময়িক, যেমনঃ ওজন বৃদ্ধি, শব্দস্বল্পতা, কথাবার্তার গুণগত মান কমে যাওয়া এবং পেসমেকার বা ইলেকট্রোডের সংক্রমন। এছাড়াও আত্মহত ̇ার প্রবনতাও বৃদ্ধি পেতে পারে।

ডড ডউ এগ এও কঠর্ঐঈদ্ধডত ডক?

ডি বি এস সার্জারিতে সাধারনত বেশ কয়েক ঘন্টা লাগে। বেশির ভাগ সময় জেগে থাকতে হয়। বেশির ভাগ রোগীর ক্ষেত্রে মস্তিষ্কের উভয় পার্শ্বে একটি করে ইলেকট্রোড স্থাপন করতে হয়। ইলেকট্রোড কে যথাস্থানে রাখার জন ̈মাথার খুলিকে একটি কাঠামোর সাহায ̈ে স্থির রাখা হয়। খুলির উভয় পার্শ্বে একটি করে ছোট ছিদ্র করা হয় যাতে ইলেকট্রোড স্থাপন করা যায়। তারপর, প্রতিটি ইলেকট্রোডের তার চামড়ার সুড়ঙ্গ পথে বের করে বুকের চামড়ার নিচে অবস্থিত পেসমেকারের মত যন্ত্রের (নিউরো স্টিমুলের) সাথে সংযুক্ত করা হয়।

এওঈও ডক ঘছ?

ডি বি এস সার্জারির পর একটি যন্ত্রের সাহায ̈ে উদ্দিপনার সর্বোৎক...ষ্ট মাত্রা নিরুপণের প্রয়োজন হয় যা নিউরো স্টিমুলেটর ও ঔষদের মধ ̈ে সংযোগ রক্ষা করে। সাধারণত ডি বি এস সার্জারির ৩ থেকে ৬ মাস পর যথাযথ উদ্দীপনায় পৌঁছানো যায়।

স্বকঠঔঢই এউঝ অন্তর্উতর্ঢকঠঔঢই উঔঠউঔ ডক?

ডি বি এস সার্জারির পর রোগী নিম্নোক্ত উপকার সমূহ পেতে পারেঃ

- স্বল্পকালীন অফ পিরিয়ড
- স্বল্পকালীন ও কম মাত্রার ডিসকাইনেসিয়া
- ঔষধের ডোজের স্বল্পমাত্রা
- চলাফেরার সাথে জড়িত নয় এমন লক্ষণসমূহের উন্নতি যেমন ব ̈থা, বিষন্নতা অথবা ঘুম
- জীবন যাপনের মান উন্নয়ন

দঢর্ঘ ৫এছঠদঢ উঔঠউঔ ডক?

সময়ের সাথে ডি বি এস অন পিরিয়ড ও ডিসকাইনেসিয়ার উন্নয়ন করতে থাকে। তবে, ডি বি এস পি ডি (চউ)রোগটি নিরাময় অথবা এর অগ্রসরতা বন্ধ করতে পারে না।

International Parkinson and Movement Disorder Society
555 East Well Street, Suite 1100 • Milwaukee, WI 53202 • +1 414-276-2145 • www.movementdisorders.org
Copyright © 2016 International Parkinson and Movement Disorder Society (MDS). All rights reserved.
MDS-0118-105